বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫২.০২০.১৭. ৫০১০ তারিখ: ১৫-১২-২০২২ খ্রিঃ।

## অফিস আদেশ

যেহেতু, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় পদায়িত জনাব আবদুল খালেক, প্রশাসনিক কর্মকর্তা কানাডায় বসবাসরত তাঁর স্ত্রীর বড় ভাইকে দেখতে বহিঃবাংলাদেশ ছুটির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫২.০২০.১৭.১১৯৭ তারিখ-০৮/১১/২০২১ মূলে ০২ (দুই) মাস বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে ১২/১১/২০২১ তারিখ কানাডার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

২.০ যেহেতু, তাঁর অসুস্থতা বিষয়ে কানাডা হতে গত ১০/০১/২০২২ তারিখে স্বাক্ষরিত একটি অবগতিপত্র নিয়ামক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে প্রেরণ করেন যা ২৪/০১/২০২২ তারিখে হশাআবি'র হতে সদর দপ্তরে প্রেরণ করা হয়, যাতে তিনি কবে বাংলাদেশে ফিরবেন বা কতদিন তাঁর বহিঃবাংলাদেশ ছুটি বৃদ্ধির প্রয়োজন সে বিষয়ে কিছুই জানাননি, এমনকি আবেদনপত্রের সাথে কোন ডাক্তারি সনদপত্র বা অসুস্থতার প্রমাণক সংযুক্ত করেননি এবং পরবর্তীতেও তাঁর অসুস্থতা বিষয়ে কর্তৃপক্ষকে কিছু অবহিত করেননি;

৩.০ যেহেতু, অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করায় ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে তাঁর বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫২.০২০.১৭.৪৫৯ তারিখ: ২৬/০৪/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৫/২০২২ রুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ তাঁর ব্যক্তিগত ই-মেইল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন তাঁর উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ তিনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলে নির্ধারিত সময়ের মধ্যে তাঁর নিকট হতে কোন জবাব না পাওয়ায় বা তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

৫.০ যেহেতু, তিনি শুধু অসুস্থতার একটি অবগতিপত্র ছাড়া ছুটি বৃদ্ধির কোন আবেদন করেননি, প্রেরিত অবগতিপত্রে বাংলাদেশ কিংবা কানাডাতে তাঁর অবস্থানের কোন সুনির্দিষ্ট ঠিকানা প্রদান করেননি ফলে কোনরূপ যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়নি, তাঁর স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র ফেরত এসেছে এবং তাঁর ই-মেইলে প্রেরিত অভিযোগনামার কোন জবাব না দেওয়ায় তিনি ইচ্ছাকৃতভাবে কর্তৃপক্ষের বিনানুমতিতে বহিঃ বাংলাদেশে অবস্থান করছেন মর্মে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে;

৬.০ যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরু দণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে গত ২৬/০৭/২০২২ তারিখে তাঁর বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়;

৭.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তাঁর নিকট হতে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের কোন জবাব পাওয়া যায়নি। নির্ধারিত সময় অতিক্রান্তের পর ১৫/০৮/২০১২ তারিখে তাঁর স্বাক্ষরিত একটি আবেদন পাওয়া যায়, যাতে অসুস্থ্যতার কারণে তিনি বহিঃ বাংলাদেশ ছুটি বাড়ানোর জন্য আবেদনে উল্লেখ করলেও এতে ডাক্তারের নামমাত্র প্রত্যয়ন দিয়েছেন যাতে কোন রোগ-ব্যাধির বিষয় উল্লেখ নেই এবং সুনির্দিষ্ট কোন মতামতও নেই;

৮.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও মতামতসহ সামগ্রিক বিষয় পর্যালোচনায় দেখা যায়, জনাব আবদুল খালেক অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ১২/০১/২০২২ তারিখে কর্মস্থলে যোগদান না করে এখন পর্যন্ত অননুমোদিতভাবে দেশের বাহিরে অবস্থান করছেন। একজন বাংলাদেশী হিসেবে ১২/১১/২০২১ তারিখে কানাডা গিয়ে এতদিন ভিজিট ভিসায় ঐ দেশে (প্রায় এক বছরেরও বেশি সময়) থাকায় সত্যিই সন্দেহের অবকাশ রয়েছে। তিনি নিয়ম অনুযায়ী দূতাবাসের মাধ্যমেও কোন আবেদন করেননি; এবং

পাতা-০২ দ্রষ্টব্য

৯.০ যেহেতু, জনাব আবদুল খালেক, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, অভিযোগ বিবরণী, প্রথম ও দ্বিতীয় কারণ দর্শানোর প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তার প্রেরিত জবাব, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, বিদ্যমান বিধি-বিধান এবং নথিতে রক্ষিত তথ্যাদি পর্যালোচনায়, অননুমোদিতভাবে বিদেশ অবস্থানের মাধ্যমে তার পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(গ) বিধি অনুযায়ী তাকে 'পলায়ন'-এর দায়ে দোষী সাব্যস্ত করা হয় এবং দোষী সাব্যস্ত হওয়ায় তার প্রতি গুরুদণ্ড আরোপপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১০.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর ৫০(১)(খ)(উ) প্রবিধি অনুযায়ী জনাব আবদুল খালেক (পিতা-আবদুর রহমান) কে তাঁর অননুমোদিত অনুপস্থিতি তথা ১২/০১/২০২২ তারিখ থেকে বেবিচকের প্রশাসনিক কর্মকর্তা পদের চাকরি হতে বরখাস্ত করা হলো এবং বিভাগীয় মামলা নং-০৫/২০২২ এর অভিযোগনামায় আনীত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

১১.০ এ আদেশ ভূতাপেক্ষভাবে ১২/০১/২০২২ তারিখ হতে কার্যকর হবে।

২৫/০২/২০২২

মোঃ মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
☎৮৯০১০৬৮

বিতরণ:

১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৩। পরিচালক (সিএনএস), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। পরিচালক (অর্থ), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৫। উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।

৬। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৭। সহকারী পরিচালক (হিসাব), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

৮। জনাব আবদুল খালেক (পিতা-আবদুর রহমান), প্রশাসনিক কর্মকর্তা (বরখাস্তকৃত), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা (মাধ্যম: নির্বাহী পরিচালক, হশাআবি)।
স্থায়ী ঠিকানা: গ্রাম-দক্ষিন বাহারছড়া, ডাকঘর, থানা ও জেলা-কক্সবাজার।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: Mr. Abdul Khaleque, C/O-Eng. Abdur Rob Khan, 336 Trudelle St, Scarbough, Toronto, Canada. Tel: 6477655731

৯। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-২ (পদোন্নতি শাখা), প্রশাসন বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

১০। উচ্চমান সহকারী/অফিস সহকারী, প্রশাসন-২ ও ৩ শাখা, প্রশাসন বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

২৫/০২/২২

মোঃ মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।